

## ॥ হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবিরা গুনাহ পরিচিতি

রচয়িতা/সম্প্রকাশকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৪৫. কোন মারাত্মক সমস্যা ছাড়া কোন মহিলা তার স্বামী থেকে তালাক চাওয়া

কোন মারাত্মক সমস্যা ছাড়া কোন মহিলা তার স্বামী থেকে তালাক চাওয়া হারাম ও কবিরা গুনাহ।

সাওবান (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

أَيُّمَا امْرَأٌ سَأَلَتْ زَوْجَهَا طَلَاقًا فِي غَيْرِ مَا بِأْسٍ ؛ فَحَرَامٌ عَلَيْهَا رَائِحَةُ الْجَنَّةِ.

“যে কোন মহিলা কোন মারাত্মক সমস্যা ছাড়া নিজ স্বামীর নিকট তালাক চাইলো তার উপর জানাতের সুগন্ধি হারাম হয়ে যাবে”। (আবু দাউদ ২২২৬; তিরমিয়ী ১১৮৭; ইন্দু মাজাহ ২০৫৫)

সাওবান (রাঃ) থেকে আরো বর্ণিত তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

الْمُخْتَلِعَاتُ ؛ هُنَّ الْمُنَافِقَاتُ.

“(কোন মারাত্মক সমস্যা ছাড়া) কোন কিছুর বিনিময়ে তালাক গ্রহণকারিণী মহিলারা মুনাফিক”। (তিরমিয়ী ১১৮৬)

তবে কোন মারাত্মক সমস্যা দেখা দিলে কোন কিছুর বিনিময়ে স্বামীর কাছ থেকে তালাক গ্রহণ করা যেতে পারে।

‘আয়িশা (রায়িয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: একদা হাবীবা বিস্তে সাতুরে তার স্বামী সাবিত বিন ক্রাইস বিন শাম্মাস মেরে তার একটি হাড় ভেঙে ফেলে। ভোর বেলা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এ ব্যাপারে জানানো হলে তিনি সাবিতকে ডেকে পাঠালেন। অতঃপর বললেন: তুমি তার (তার স্ত্রী) কাছ থেকে কিছু সম্পদ নিয়ে তাকে ছেড়ে দাও। সাবিত বললেন: এমনকি চলে হে আল্লাহ’র রাসূল! তিনি বললেন: হ্যাঁ, চলে। তখন সাবিত বললেন: আমি তাকে দু’টি খেজুরের বাগান দিয়েছি। এখনো তা তারই দখলে। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: বাগান দু’টি নিয়ে তাকে ছেড়ে দাও। অতঃপর সাবিত তাই করলেন। (আবু দাউদ ২২২৮)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=6821>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন